



August 28, 2023

## ইসকনে শুরু ৩৯তম ঝুলন উৎসব



মায়াপুরে ইসকোন মন্দিরে ২৭আগস্ট থেকে পাঁচ দিন ব্যাপী ঝুলন উৎসব ও রাখিপুর্ণিমা উৎসবের শুভ সূচনা হয়ে গেল। এই উৎসব চলবে ৩১সে আগস্ট পর্যন্ত। এদিন বিকেলে চন্দ্রোদয় মন্দির থেকে শ্রী শ্রী রাধামাধবের বিগ্রহ নিয়ে বর্ণাঢ্য শোভাযাত্রার মাধ্যমে ঝুলন মণ্ডপে নিয়ে যাওয়া হয়। সেখানে অধিষ্ঠানের পর শুরু হয় আরতি-কীর্তন। হয় সাংস্কৃতিক অনুষ্ঠান, দ্বীপদান, প্রসাদ বিতরণ। প্রতিদিনই চলবে এই অনুষ্ঠান। এদিন ইসকনের মুখ্য জনসংযোগ আধিকারিক রসিক গৌরাঙ্গ দাস জানালেন ঝুলন হলো রাধা কৃষ্ণের প্রেম লীলার ক্ষেত্র, যার সূচনা হয়েছিল সেই দ্বাপর যুগে। পুরাণ মতে শ্রীকৃষ্ণ দ্বাপর যুগে আবির্ভূত হয়েছিলেন। রাধা-কৃষ্ণের যে মাধুরী ও প্রেম বন্দাবনে স্থাপিত হয়েছিল তারই লীলা স্বরূপ এই ঝুলন যাত্রা। ঝুলনের জায়গাটি প্রাকৃতিক সৌন্দর্যে ভরপুর। ফুলে ফলে ভরা। বনরাজিতে সুসজ্জিত, আলোকমালা ও কৃত্রিম ফোয়ারায় আক্ষরিক অর্থেই নয়নাভিরাম। অগনিত ভক্তবৃন্দের উপস্থিতিতে গমগম করেছে এদিন ঝুলন মণ্ডপ।